দৈনিক ইত্তেফাক

APR. 09 2002

তারিখ ... পৃষ্ঠা ৪ কলাম ৮

# কারিগরি শিক্ষাব্যবস্থায় ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রসঙ্গে

এ দেশে বেকার সমস্যা প্রকট আকার ধারণ করেছে। এই বেকার সমস্যা দূরীকরণ এবং দেশকে অর্থনৈতিক ভাবে সমৃদ্ধি করার জন্য বাংলাদেশ সরকার এবং দাতাগোষ্ঠীর সহায়তায় কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় এসএসসি এবং এইচএসসি পর্যায়ে যথাক্রমে ভোকেশনাল এবং ব্যবসায় ব্যবস্থাপনা কোর্স চালু করা হয়েছে। এসএসসি পর্যায়ে অধ্যয়নরত ছাত্রীরা উপবৃত্তি পাচ্ছে। কিন্তু এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) কোর্সে অধ্যয়নরত ছাত্রীদের কেন উপবৃত্তি থেকে বাদ দেয়া হলো বোধগম্য নয়। যেখানে সারা বিশ্বে কারিগরি শিক্ষা ব্যবস্থার ওপর জোর দেয়া হচ্ছে, বিভিন্নভাবে সহায়তা করা হচ্ছে। সেখানে কেন আমাদের দেশে কারিগরি শিক্ষা অবহেলিত? তাই দেশের উন্নয়নের স্বার্থে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) কোর্সে অধ্যয়নরত ছাত্রীদের উপবৃত্তির আওতায় আনার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মোঃ জাকির হোসেন সরকার,**
প্রভাষক,
(সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপন বিভাগ),
দৌলতকান্দি আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ,
রায়পুরা, নরসিংদী।